সকলের জন্য খাদ্য সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধিকল্পে সরকার সর্বোচ্চ প্রাধান্য দিচ্ছে। বাংলাদেশ সরকারের এই নীতিমালার আলোকে বাংলাদেশ ব্যাংক বানিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে কৃষি খাতে অধিকতর বিনিয়োগের কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এই উদ্যোগকে স্বাগত জানিয়ে প্রিমিয়ার ব্যাংক ২০১৮ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত কৃষি ঋণ বিতরণের ২২৪.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ২২৫.০০ কোটি টাকার কৃষি ঋণ বিতরণ করে। গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠির কৃষি কাজের সাথে সম্পৃক্ত ব্যক্তি এবং আর্থিক সেবা বধিগত সমাজের অতি স্বল্প আয়ের পেশাজীবী, ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষক, পাড়া/মহল্লা/গ্রাম ভিত্তিক ক্ষুদ্র/অতিক্ষুদ্র উদ্যোক্তা এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত তৃণমূলজনগোষ্ঠির আয় উৎসায়ী কর্মকাণ্ডকে বিস্তৃত করার মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য দূরীকরণের জন্য ২০১৭ সাল থেকে প্রিমিয়ার ব্যাংক সহজ শর্তে ও দ্রুত ঋণ সেবা প্রদানের লক্ষ্যে “প্রিমিয়ার সমৃদ্ধি” নামে একটি বিশেষ ঋণ সেবা কার্যক্রম পরিচালনা করেছে যা গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠির অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বিশেষ ভূমিকা রাখছে।

নারী উদ্যোক্তা

সমাজের পিছিয়ে পড়া নারীদের অর্থনৈতিক মুক্তিতে বিশেষ অবদান রাখার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারী নারী উদ্যোক্তাদের উৎসাহ প্রদান ও তাঁদের ব্যবসায়িক কার্যক্রম সম্প্রসারণকে ত্বরান্বিত করতে ব্যাংক

ঋণ প্রদান করছে। এর আওতায় ঋণ প্রদান কর্মসূচীর মূল উদ্দেশ্যগুলো হচ্ছে-

- ১) স্বনির্ভর নারী উদ্যোক্তাদের অর্থনৈতিক সহযোগিতা প্রদান।
- ২) নারী উদ্যোক্তাদের মধ্যে সঞ্চয়ী মনোভাব তৈরী ও ব্যাংকিং সেবার মাধ্যমে সামাজিক কর্মকাণ্ডে অধিকতর সম্পৃক্ত করা।
- ৩) নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে নারীর ক্ষুদ্র উদ্যোগকে উৎসাহিত করা।
- ৪) দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সক্রিয় ভূমিকা রাখা।

রিটেইল ব্যাংকিং সেবা

যে কোন ব্যাংকের বাহ্যিক দৃষ্টি, বর্ণ, রীতি এবং ধরণ প্রকাশ করে রিটেইল ব্যাংকিং। ২০১৮ সালে বিদ্যমান বাজার চাহিদার সাথে সামঞ্জস্য আধুনিক ব্যাংকিং পণ্য ও সেবার অঙ্গীকার নিয়ে আমরা রিটেইল ব্যাংকিং ব্যবসাকে টেলে সাজিয়ে সম্প্রসারিত করেছি। গ্রাহকদের সম্ভাব্য সকল আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে রিটেইল ব্যাংকিং ব্যবসাকে একটি “বিরতিহীন সেবা কেন্দ্র” হিসেবে গড়ে তোলা হয়েছে। সর্বাধিক দক্ষতা ও উৎপাদনশীলতার সমন্বয়ে বিভিন্ন গ্রাহক শ্রেণীকে উন্নত সেবা প্রদানের কথা বিবেচনা করলে ২০১৮ সালকে রিটেইল ব্যবসার একটি সফল বছর বলা যেতে পারে। এ বছরে রিটেইল ব্যাংকিং ব্যবসার সম্প্রসারণের লক্ষ্যে বেশ কয়েকটি ক্যাম্পেইনের আয়োজন, ডিরেক্ট সেলস্ টিম নিয়োগ এবং কয়েকটি নতুন আকর্ষণীয় ডিপোজিট ও লোন প্রোডাক্ট চালু করাসহ বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অবসর প্রাপ্ত গ্রাহক থেকে শুরু করে স্কুলগামী ছেলে মেয়েদের সর্বশেষ চাহিদা পূরণের কথা চিন্তা করে ২০১৯ সালের জন্য রিটেইল ব্যাংকিং ডিভিশন বেশ কিছু নতুন উদ্যোগ গ্রহণ করেছে।

বর্তমানে রিটেইল ব্যাংকিং এর অধীনে সম্পদ ও দায় উভয় পাশে আকর্ষণীয় ডিপোজিট ও লোন প্রোডাক্ট চালু রয়েছে। প্রিমিয়ার ব্যাংকের জমাকৃত পণ্যগুলো হচ্ছে: প্রিমিয়ার সঞ্চয়ী হিসাব, প্রিমিয়ার চলতি হিসাব, প্রিমিয়ার বেতন হিসাব, প্রিমিয়ার জিনিয়াস হিসাব, প্রিমিয়ার স্থায়ী হিসাব (এফডিআর), ডাবল বেনিফিট স্কীম (ডিবিএস), মাসিক সঞ্চয়ী প্রকল্প (এমএসএস), মাসিক আয় প্রকল্প (এমআইএস), শিক্ষা সঞ্চয়ী প্রকল্প (ইএসএস), রেজিস্টার্ড রিটার্নসম্যান্ট ডিপোজিট প্রকল্প (আরআরডিপি), সঞ্চয়ী প্রকল্প স্বপ্ন। এছাড়াও আমাদের রিটেইল ঋণের অন্তর্ভুক্ত পণ্য গুলো হল বাড়ি তৈরী/ফ্ল্যাট ক্রয় ঋণ, ব্যক্তিগত গাড়ি ক্রয় ঋণ, ক্রেডিট কার্ড (মাস্টার ও ভিসা কার্ড) প্রভৃতি।

স্কুল ব্যাংকিং এর শুরু থেকেই প্রিমিয়ার ব্যাংক স্কুল ব্যাংকিং সেবা চালু করেছে। বর্তমানে ব্যাংকটি সারাদেশে স্কুল ব্যাংকিং এর সেবাকে সম্প্রসারিত করার লক্ষ্যে কনফারেন্স ও সেমিনার আয়োজন অব্যাহত রেখেছে। শুরুতে স্কুল ব্যাংকিং একাউন্ট সংখ্যা ছিল ২৩৭৮ টি বর্তমানে স্কুল ব্যাংকিং একাউন্ট সংখ্যা ৩৩৩১৭ টি।

স্টুডেন্ট ফাইল সেবার শুরু থেকেই প্রিমিয়ার ব্যাংক স্টুডেন্ট ফাইল সেবা চালু করেছে। ২০১৭ সালের শেষের দিকে স্টুডেন্ট ফাইলের সংখ্যা ছিল ৩৫৭ টি বর্তমানে স্টুডেন্ট ফাইলের সংখ্যা ১২১৫ টি।

প্রিমিয়ার এজেন্ট ব্যাংকিং

প্রিমিয়ার এজেন্ট ব্যাংকিং একটি বিশ্বস্ত সেবাকেন্দ্র যা খুব দ্রুতগতিতে জনসাধারণের আস্থা অর্জনে সক্ষম হয়েছে। সারাদেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে ২০১৭ সালের অক্টোবর মাসে প্রিমিয়ার ব্যাংক সারাদেশে এজেন্ট ব্যাংকিং সেবা চালু করেছে। ২০১৭ সালের শেষের দিকে প্রিমিয়ার এজেন্ট আউটলেটের সংখ্যা ছিল ০২ টি, বর্তমানে ৮০ টি প্রিমিয়ার এজেন্ট আউটলেটের মাধ্যমে প্রিমিয়ার ব্যাংক সারাদেশে ব্যাংকিং সেবা অব্যাহত রেখেছে। বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে অবদান রাখার লক্ষ্যে ২০১৯ সালের মধ্যে ৫০০ টি এজেন্ট আউটলেট চালু করার উদ্যোগ গ্রহণ করেছে।

কার্ড ব্যবসা

প্রিমিয়ার ব্যাংক ২০০৮ সাল থেকে বাংলাদেশে ভিসা ইন্টারন্যাশনালের প্রথম সদস্য হিসেবে ভিসা ক্রেডিট ও ডেবিট কার্ড চালু করে। পরবর্তী পর্যায়ে ২০১০ সালে আমাদের ব্যাংক মাস্টারকার্ড প্রিন্সিপাল সদস্যপদ লাভ করার গৌরব অর্জন করে। বিশ্ববাজারে মাস্টারকার্ড এবং ভিসা ক্রেডিট ও ডেবিট কার্ড ব্যবহারে বিভিন্ন প্রোডাক্টের মাধ্যমে এক যুগান্তকারী পরিবর্তন এনে দিয়েছে। ২০১৮ সালে আমরা ৮,২০০ টি ক্রেডিট কার্ড এবং ২৫,০০০ টি ডেবিট কার্ড ইস্যু করতে সক্ষম হয়েছি। আমরা আমাদের গ্রাহকদের সুবিধার্থে কার্ড প্রচলনের পাশাপাশি মাস্টারকার্ড ও ভিসা কার্ডের জন্য মার্চেন্ট একুয়ারিং (POS) এর নেটওয়ার্ক ইতোমধ্যে অনেক সম্প্রসারণ করেছি এবং আগামী দিনে এর পরিধি আরও অনেক বিস্তৃত হবে। ২৪ ঘণ্টা নগদ টাকা উত্তোলনের সুবিধার্থে আমরা এটিএম (ATM) নেটওয়ার্কেরও সম্প্রসারণ করে যাচ্ছি। আমাদের সম্মানিত গ্রাহকের জন্য সারাদেশে প্রায় ২৯টি এটিএম (ATM) বুথ স্থাপন করেছি। এছাড়াও সম্মানিত গ্রাহকগণ প্রায় ৬,০০০ ভিসা ও মাস্টারকার্ড লোগো সম্মিলিত এটিএম বুথ থেকে নগদ টাকা উত্তোলনের সুযোগ পাচ্ছেন এবং প্রবাসে ভিসা ও মাস্টারকার্ড লোগো সম্মিলিত যে কোন এটিএম (ATM) বুথ থেকে নগদ অর্থ উত্তোলনের সুযোগ পাচ্ছেন। গ্রাহক বুঁকি কমানো ও নিরাপদে যেন কার্ড ব্যবহার করতে পারেন তার জন্য আমরা ইতোমধ্যে ইএমভি চিপ্ (EMV Chip) সন্নিবেশিত ভিসা ও মাস্টারকার্ড প্রচলন করেছি। লক্ষাধিক হজ্জু যাত্রীদের সংগঠিত করে যে সকল হাব (HAAB) এজেন্ট তাদেরকে পবিত্র হজ্জু পালনে সৌদী আরব যাতায়াতের ব্যবস্থা করছেন, ব্যাংক সে সকল হাব (HAAB) এজেন্টদেরকে হজ্জু প্রিপেইড (HAJJ PREPAID) কার্ডের মাধ্যমে সেবা প্রদান করার ক্ষেত্রে একটি অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে।

কার্ড ব্যবসাকে নিরাপদ ও আধুনিকায়ন করার ক্ষেত্রে আমরা নিম্নোক্ত পদক্ষেপ সম্পন্ন করেছি :

১. Magstripe কার্ডকে অত্যাধুনিক chip সন্নিবেশিত কার্ডে রূপান্তর।
২. পণ্য ক্রয়ে মাসিক হারে (৩,৬,৯,১২,২৪ মাস) পরিশোধের সুবিধা (EMI) পদ্ধতি।
৩. ক্রেডিট কার্ডের ঋণ বীমার দ্বৈত সুবিধা।
৪. প্রিমিয়ার ব্যাংক এর ব্রাঞ্চ থেকে পস্ (POS) এর মাধ্যমে নগদ টাকা উত্তোলন এবং এ ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ দিনের সুদ মুক্ত সুবিধা প্রদান।

৫. দুই ফ্যাক্টর প্রমানীকরণ (2FA) ই-কমার্স সার্ভিস প্রদান।
৬. ক্রয় ও অর্থ উত্তোলনের ক্ষেত্রে নিরাপদ গোপন পিন (PIN) নম্বর সংযোজন।
৭. ২৪ ঘন্টা গ্রাহক সেবার প্রত্যয়ে অত্যাধুনিক কল সেন্টার (১৬৪১১) প্রবর্তন।
৮. গত দুই বছরে উল্লেখযোগ্য ভাবে ক্রেডিট কার্ড ইস্যু করা হয়েছে।
৯. হজ্জ ব্যবসাকে গতিশীল করতে সর্বোচ্চ সহযোগিতা প্রদান।
১০. গত দুই বছরে ক্রেডিট কার্ডের পোর্টফোলিও ১০০ কোটি পার হয়েছে।
১১. ই-কমার্স এ মূল্য পরিশোধের দ্বার উন্মোচন।

গ্রাহকের সুবিধার কথা বিবেচনা করে আমরা নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করেছিঃ

১. উচ্চ শ্রেণীর গ্রাহকদের বিমান বন্দরে প্রিমিয়ার Lounge এর সুবিধা।
২. Reward Point এর সুবিধা।
৩. কার্ড সিস্টেম পিসিআই-ডিএসএস (PCI-DSS) পূর্ণ সার্টিফিকেশনের সহিত উন্নতিকরণ।
৪. অন্যান্য ভ্যালু অ্যাডেড সেবা প্রবর্তন।
৫. কালেকশন এবং রিকভারী হ্রাস-করণে শক্তিশালী ঋণ আদায় পদ্ধতি প্রনয়ন।
৬. গ্রাহকদের জন্য বিভিন্ন পণ্যের হ্রাসকৃত মূল্যে পরিশোধের সুবিধা।

ইসলামিক ব্যাংকিং

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ২০০৩ ইং সাল থেকে দুটি শাখার মাধ্যমে ইসলামিক ব্যাংকিং সেবা প্রদান করে আসছে; একটি শাখার অবস্থান মহাখালী, ঢাকা এবং অপরটি লালদিঘীর-পাড়, সিলেট। “প্রিমিয়ার তিয়ারাহ” ব্র্যান্ডের আওতাধীন শরীয়াহ ভিত্তিক নীতির আলোকে আমানত গ্রহণ ও বিনিয়োগ ব্যবস্থাপনার ফলে উক্ত শাখা দুটি দ্রুত ব্যবসায়িক প্রবৃদ্ধি অর্জন করতে সক্ষম হয়েছে এবং প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। ইসলামিক ব্যাংকিং অপারেশনের জন্য ব্যাংকের একটি পৃথক অ্যাকাউন্টিং সিস্টেম রয়েছে যা প্রচালিত ব্যাংকিং সিস্টেম থেকে সম্পূর্ণ ভিন্ন এবং এটি “অ্যাকাউন্টিং এন্ড অডিটিং অরগানাইজেশন ফর ইসলামিক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউশন (AAOIFI)” কর্তৃক প্রদত্ত আন্তর্জাতিক মানদণ্ড অনুসারে পরিচালিত।

আমাদের ইসলামিক ব্যাংকিং শাখা সমূহ “আল ওয়াদিয়াহ” ও “মুদারাবা” পদ্ধতিতে পরিচালিত প্রোডাক্ট-সমূহের মাধ্যমে জমা-গ্রহণ করে থাকে। উক্ত প্রোডাক্ট-সমূহ মূলত বিদ্যমান বাজার চাহিদা, নতুন বৈশিষ্ট্য যুক্তকরণ এবং সর্বোপরি গ্রাহক-সন্তুষ্টি ইত্যাদি বিষয়াদি বিবেচনাপূর্বক চালু করা হয়েছে। বিনিয়োগের ক্ষেত্রে “বাই আল-মুয়াজ্জাল”, “বাই আল-মুরাবাহা”, “বাই আস-সালাম”, “হায়ার পারচেজ আভার শিরকাতুল মিলক (HPSM)”, “মুশারাকা”, “করদ” ইত্যাদি পদ্ধতি সমূহ ব্যবহার করা হয়ে থাকে।

এ বছর সমাজে নারীদের অধিকার সুরক্ষাকল্পে ব্যাংক “মোহর সেভিংস স্কীম” নামে একটি বিশেষ জমা প্রকল্প চালু করে যেখানে

বিবাহিত/অবিবাহিত ব্যক্তি (পুরুষ) তার স্ত্রীর মোহরানা হক আদায়ের লক্ষ্যে প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা রাখতে সক্ষম হবে কারণ মোহরানা হক আদায় তার জন্য অবশ্য পালনীয় (ফরজ)।

আন্তর্জাতিক বাণিজ্য

ট্রেড ফাইনান্স

২০১৮ সালে আমদানী ও রপ্তানী বাণিজ্যে ব্যাংক সন্তোষজনক ও স্থিতিশীল অগ্রগতি অর্জন করেছে। ২০১৮ সালে প্রিমিয়ার ব্যাংক ১০৫,৩২০.০০ মিলিয়ন টাকার আমদানী বাণিজ্য এবং ৮৯,১৪০.০০ মিলিয়ন টাকার রপ্তানী বাণিজ্য সম্পন্ন করে যা পূর্ববর্তী বছরের তুলনায় যথাক্রমে ২৮.৯৯ ও ১৮.২৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। আমদানী ও রপ্তানী বাণিজ্যের নিত্য-নতুন চাহিদা পূরণের জন্য দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে ব্যাংকের ১৮টি অথোরাইজড ডিলার শাখার এবং হেড অফিস ইন্টারন্যাশনাল ডিভিশন এবং সেন্ট্রালাইজড ট্রেড অপারেশনস্ ডিপার্টমেন্ট এর মাধ্যমে সেবা প্রদান করে যাচ্ছে।

করেন্সপন্ডেন্ট ব্যাংকিং

বৈদেশিক বাণিজ্য লেনদেন সহজীকরণের লক্ষ্যে আমাদের ব্যাংক বিশ্বব্যাপী বিভিন্ন বৈদেশিক সহযোগী ব্যাংকের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক স্থাপন করেছে। ৩১শে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত বৈদেশিক করেন্সপন্ডেন্টের সংখ্যা ছিল ৫৮১টি যা বিশ্বের ১৮৭ টি ব্যাংকের সাথে ৭৬টি দেশে বিস্তৃত এবং ১০টি প্রধান প্রধান বৈদেশিক মুদ্রায় নফ্টা অ্যাকাউন্টের সংখ্যা ছিল ২২টি।

অফ-শোর ব্যাংকিং

বেপজা এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে প্রিমিয়ার ব্যাংক অফ-শোর ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। অফ-শোর ব্যাংকিং বৈদেশিক মুদ্রার একটি স্বতন্ত্র ব্যাংকিং ব্যবস্থা যার মাধ্যমে ইপিজেড ও এডি শাখার গ্রাহকগণ বৈদেশিক বাণিজ্য ও বৈদেশিক মুদ্রায় ঋণ সহায়তা পেয়ে থাকেন। প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশে বসবাসকারী বিদেশীরা অফ-শোর ব্যাংকিং ইউনিটে বৈদেশিক মুদ্রা ডিপোজিটের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার পেয়ে থাকেন। আমাদের অফ-শোর ব্যাংকিং ইউনিট থেকে ২০১৮ সালে ৭৩.৩৭ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করা হয়েছে যার মাধ্যমে ব্যাংক ৩.০৭ মিলিয়ন মার্কিন ডলার আয় করেছে।

রেমিটেন্স সেবা

বাংলাদেশী প্রবাসীদের প্রেরিত রেমিটেন্স দেশের অর্থনীতিতে এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। অর্থনীতিতে প্রবাসীদের অবদানের কথা বিবেচনা করে বৈদেশিক রেমিটেন্সকে প্রিমিয়ার ব্যাংক সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে। এ পরিপেক্ষিতে প্রিমিয়ার ব্যাংক প্রযুক্তিনির্ভর দ্রুত রেমিটেন্স প্রদান এবং উৎকৃষ্ট গ্রাহকসেবার ব্যবস্থা করেছে। রেমিটেন্স গ্রাহকদের সাহায্য ও সেবার জন্য আমাদের প্রতিটি শাখায় আছে “রেমিটেন্স হেল্প ডেস্ক”। দ্রুত রেমিটেন্স প্রদান নিশ্চিত করার জন্য আমাদের একটি আধুনিক সেন্ট্রাল অপারেশন সিস্টেম আছে। প্রিমিয়ার ব্যাংক বেশি ভাগ গ্লোবাল মানি ট্রান্সফার কোম্পানির সাথে

করেসপন্ডেন্ট সম্পর্ক স্থাপন করেছে। আমাদের বিশ্বব্যাপী নেটওয়ার্ক এর মাধ্যমে বিশ্বের যেকোন প্রান্ত থেকে এনআরবি গ্রাহকরা ইন্সট্যান্ট ক্যাশ এবং অ্যাকাউন্ট ক্রেডিট উভয় লেনদেন সম্পাদন করতে পারেন।

প্রিমিয়ার ব্যাংক নিজস্ব ১০৯ টি শাখা নেটওয়ার্ক এবং ৪০০ এর বেশি এনজিও শাখার মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে রেমিটেন্স পৌছাতে সক্ষম। এছাড়া বিইএফটিএন (বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক) এর মাধ্যমে অন্যান্য ব্যাংকের একাউন্ট ক্রেডিট সম্পাদন করা হয়। তাছাড়া এজেন্ট ব্যাংকিং এর শাখাগুলো রেমিটেন্সের জন্য সহায়ক হবে।

প্রবাসী ও এদের পরিবারবর্গের সম্মানে প্রিমিয়ার ব্যাংক রেমিটেন্স ডিভিশন প্রবাসী পল্লী মেলা আয়োজন করে থাকে। ২০১৮ সালে প্রিমিয়ার ব্যাংক রেমিটেন্সের ক্ষেত্রে ২৯.৭৩% প্রবৃদ্ধি অর্জন করেছে। ২০১৯ সালে নতুন রেমিটেন্স চুক্তি ও রেমিটেন্স প্রবাহ বৃদ্ধিতে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে।

ট্রেজারী কার্যক্রম

প্রিমিয়ার ব্যাংকের রয়েছে একটি সুসজ্জিত ট্রেজারী বিভাগ। অত্যাধুনিক অনলাইন সংযোগের মাধ্যমে আমাদের গ্রাহকদের দ্রুত ও উৎকৃষ্ট সেবা নিশ্চিত করতে ট্রেজারী বিভাগ সর্বদা নিয়োজিত।

ট্রেজারী বিভাগ সব সময়ই প্রিমিয়ার ব্যাংকের মুনাফা অর্জনের একটি গুরুত্বপূর্ণ শাখা হিসেবে বিবেচিত। আলোচ্য ২০১৮ সালেও এই ধারা বজায় রেখেছে ট্রেজারী বিভাগ। আমাদের রয়েছে স্বতন্ত্র ফ্রন্ট, ব্যাক এবং মিড অফিস। যা বাংলাদেশ ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনার সাথে সঙ্গতি রেখে পরিচালনা করা হয়। দক্ষ ও অভিজ্ঞতা সম্পন্ন ডিলাররা আন্তঃব্যাংক লেনদেন এবং বৈদেশিক মুদ্রা বিনিময় বাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের মাধ্যমে ব্যাংকের উন্নয়নে অবদান রাখছে।

প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড (ব্যাংকের সাবসিডিয়ারী কোম্পানী)

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড” নামক সাবসিডিয়ারী কোম্পানী প্রতিষ্ঠার মাধ্যমে ব্রোকারেজ কার্যক্রম পরিচালনা করেছে যা ব্যাংকের আয়ের একটি অন্যতম চালিকাশক্তি হিসেবে অবদান রাখছে। পুঁজিবাজারে বিনিয়োগকারীকে সঠিক তথ্য ও পরামর্শ প্রদানের মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান নিশ্চিত করার জন্য দক্ষ ও অভিজ্ঞ পেশাজীবী ও বাজার বিশেষজ্ঞদের সমন্বয়ে “প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড”-এর কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০১৮ সালে প্রিমিয়ার ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর সুদ আয় অর্জন করে ২২৪.০৬ মিলিয়ন টাকা এবং কমিশন আয় রেকর্ড করা হয় ৩৩.৭০ মিলিয়ন টাকা।

আমাদের ব্রোকারেজ ব্যবসা পরিচালনার মূল উদ্দেশ্য হচ্ছে:

১. পুঁজিবাজারে শেয়ার ও সিকিউরিটিজ লেনদেন সহজতর করা।
২. শেয়ার লেনদেনের হিসাব নিকাশ ও নিরাপত্তা নিশ্চিত করা।
৩. প্রবাসী বাংলাদেশি ও বিদেশি বিনিয়োগকারীদের সহযোগিতা প্রদান করা।

৪. দেশের পুঁজিবাজারের উন্নয়নের স্বার্থে বিশ্লেষণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
৫. পুঁজিবাজারের বিনিয়োগকারীদের ঝুঁকি প্রদান করা।

তথ্য প্রযুক্তি

বর্তমানে তথ্য প্রযুক্তি অন্যান্য সকল ক্ষেত্রের ন্যায় ব্যাংকিং ক্ষেত্রে ও একটি প্রয়োজনীয় অনুষঙ্গ। ব্যাংক গুলোকে এখন কাজ করতে হয় অতি বিশ্বায়ন, উদারীকরণ, নিজস্ব ও প্রতিযোগিতামূলক পরিবেশে। অর্থনীতির উন্নয়ন ও সামগ্রিক উন্নতির জন্য ব্যাংকগুলো সর্বোত্তম প্রযুক্তি ব্যবহার করে দ্রুততর, কার্যকরী ও সুবিধাজনক উপায়ে সেবা প্রদানের মাধ্যমে উৎপাদনশীলতা ও দক্ষতা উন্নত করে যাচ্ছে। দ্রুততর পরিষেবা প্রদানের ক্ষেত্রে ব্যাংকের তথ্য প্রযুক্তি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রিমিয়ার ব্যাংক লিমিটেড বাংলাদেশের শীর্ষস্থানীয় ব্যাংকের অন্যতম যারা সর্বশেষ প্রযুক্তি ব্যবহার করছে।

ব্যাংকিং খাতে অনেকগুলো গুরুত্বপূর্ণ অনুসঙ্গ রয়েছে, যার মধ্যে খুচরা ও বাণিজ্যিক ব্যাংক, মোবাইল (টেলিযোগাযোগ) নেটওয়ার্ক অপারেটর এবং আর্থিক প্রতিষ্ঠানগুলি রয়েছে। যেভাবে ব্যবসা পরিচালিত হয়, যেভাবে ব্যক্তির জীবন, কাজ এবং চিন্তা পরিবর্তন হচ্ছে তথ্য প্রযুক্তি (আইটি) ও সেভাবে পরিবর্তন হচ্ছে। আজকাল ব্যাংকের গ্রাহকদের জন্য নতুন এবং রোমাঞ্চকর ব্যাংকিং পণ্য এবং পরিষেবার মাধ্যমে ব্যাংকগুলোর মধ্যে কঠোর প্রতিযোগিতা বিরাজমান।

তথ্য প্রযুক্তি বিভাগের ২০১৮ সালের প্রধান অবদানসমূহ:

এন্টারপ্রাইজ ব্যাকআপ সলুশন

ব্যাকআপ সলুশান হল একটি কম্পিউটার সফটওয়্যার এবং হার্ডওয়্যারের সমন্বয় যা প্রয়োজনীয় ফাইলগুলির ব্যাকআপ নিয়ে ডেটা লসের হাত থেকে ব্যাংক কে ব্যাপক ক্ষতি থেকে রক্ষা করে। আজকে আমরা যে প্রযুক্তিগত অগ্রগতি উপভোগ করি তার আগেও ব্যবসা প্রতিষ্ঠানগুলি সবসময় গুরুত্বপূর্ণ ফাইল সংরক্ষণ করত। কম্পিউটার, সফটওয়্যার, এবং অন্যান্য ডিজিটাল স্টোরেজ নষ্ট হয়ে গেলে আগের জায়গায় ফিরিয়ে আনা একটি কঠিন কাজ। ব্যাকআপ সমাধানগুলির প্রধান বৈশিষ্ট্য হল ডেটা সংকোচন, সময়সূচী ব্যাকআপ, ডেটা এনক্রিপশন ইত্যাদি। ২০১৮ সালে আমরা ব্যাকআপ সলুশান Veeam সফলভাবে স্থাপন করেছি।

কোর ব্যাংকিং সিস্টেম আপগ্রেড

উন্নত গ্রাহক সেবা প্রদানে কোর ব্যাংকিং সিস্টেম (সিবিএস) যে কোনো ব্যাংকের জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রিমিয়ার ব্যাংক লিমিটেড শুরু থেকেই BankUltimus কোর ব্যাংকিং সলুশান হিসাবে ব্যবহার করছে। আজকাল আর্থিক অন্তর্ভুক্তি, মোবাইল ব্যাংকিং, ভার্চুয়াল ব্যাংকিং, ই-কমার্স, পেমেন্ট সমাধানগুলির নতুন পদ্ধতি এবং সামাজিক ব্যবসা, উন্নত বিশ্লেষণ, রূপান্তর ব্যাংকিং ইত্যাদি বহুল ব্যবহারে আর্থিক প্রতিষ্ঠানগুলোর অবস্থা আস্তে আস্তে জটিল হচ্ছে। সর্বশেষ প্রযুক্তির চালিত পণ্যগুলি প্রবর্তনের সাথে সাথে ব্যবসায়ের জন্য ব্যাংকগুলির মধ্যে প্রতিযোগিতা দিন দিন বাড়ছে। এইসব চ্যালেঞ্জগুলি মোকাবেলা করার জন্য আমরা আমাদের সিবিএসকে BankUltimus রিলিজ BU_২.১.৪.৫ আপডেট করেছি।

সাম্প্রতিক ব্যবসায়িক প্রবণতা মোকাবেলা করতে এবং কিছু সমস্যার সমাধান করার জন্য আমরা আমাদের সিবিএসকে দুই পর্যায়ে BankUltimus রিলিজ BU_২.১.৪.৫ আপডেট করেছি। এছাড়াও আমরা এই রিলিজের মাধ্যমে অভ্যন্তরীণ/বাহ্যিক রেমিটেন্স সলুশান এবং কিছু আকর্ষণীয় নতুন বৈশিষ্ট্য চালু করেছি।

এমআইএস এর মাধ্যমে সর্বাধিক রিপোর্টিং

ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম বা এমআইএস একটি কার্যপ্রণালী যা একটি সুনিশ্চিত সিদ্ধান্তের জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে। ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম সাধারণত নিম্নোক্ত জিনিসগুলো থাকেঃ

- বিভিন্ন নির্ভরযোগ্য উৎস থেকে উপযুক্ত তথ্য সংগ্রহ।
- প্রাসঙ্গিক এবং দরকারী তথ্য নিষ্কাশন করতে যেমন তথ্য প্রক্রিয়াকরণ।
- এই তথ্য সংশ্লিষ্ট বিভাগে প্রদান।

আমাদের শক্তিশালী এমআইএস দল দ্বারা আমরা ইতোমধ্যে বিভিন্ন এরিয়ার প্রায় ৪৬০ টি অ্যাড-হক, তালিকাভুক্ত, নিয়ন্ত্রক সংস্থার এমআইএস রিপোর্ট তৈরি করেছি।

প্রসেস অটোমেশন, আপগ্রেডেশন, মাইগ্রেশন এবং সুরক্ষা উন্নয়ন

নিরাপত্তা ও প্রতিপালন সবসময় ব্যাংকের আইটি বিভাগের জন্য একটি বড় উদ্বেগ। দিন দিন ডিজিটাল প্র্যাটফর্ম কিছুটা অরক্ষিত হয়ে যাচ্ছে। এই ধরনের পরিস্থিতি মোকাবেলা করার জন্য আমরা মাইক্রোসফট অফিস ৩৬৫ এর মাধ্যমে আমাদের ইমেল সিস্টেমে অ্যান্টি-ফিশিং স্যান্ডবক্সিং বৈশিষ্ট্য চালু করেছি।

আমরা মাইক্রোসফট এসসিসিএম (সিস্টেম সেন্টার কনফিগারেশন ম্যানেজার), সুইফটের অপারেশন সিস্টেম, রিমোট ফাইল ট্রান্সফারের জন্য FTP থেকে SFTP এর সংস্করণ, সমস্ত লিনাক্স পরিবেশের লাইসেন্সিং, মানব সম্পদ ব্যবস্থাপনা সমাধান (স্কেলড) এর আপগ্রেডকরণ, চেক বই রিকুইজিশান অটোমেশন, ইউটিলিটি বিল পেমেন্ট প্রক্রিয়া অটোমেশন, রেমিট ইনফিনিটি সমাধানের মাধ্যমে অটোমেটেড রেমিটেন্স প্রসেস বাস্তবায়ন করি।

গুরুত্বপূর্ণ চলমান আইটি কার্যক্রম:

- BACH II আপগ্রেড
- মোবাইল অ্যাপস
- ইন্টারনেট ব্যাংকিং উন্নয়ন
- QR কোড পেমেন্ট সিস্টেম
- সেন্ট্রাল ট্রেড অপারেশন
- বায়োমেট্রিক উপস্থিতি সিস্টেমের মাধ্যমে সেন্ট্রাল অ্যাক্সেস কন্ট্রোল

আসন্ন আইটি উদ্যোগ:

- পিসিআই ডিএসএস সার্টিফিকেশন (গ্যাপ বিশেষণ)
- ডেটা সেন্টারের জন্য নেটওয়ার্ক ইনফ্রাষ্ট্রাকচার আপগ্রেড
- আইটি এসেট ম্যানেজমেন্ট সলুশান
- হেল্পডেস্ক সলুশন
- ভারতীয় ভিসা ফি সংগ্রহ
- Automated Employee Appraisal

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন

যে কোন কার্যক্রমের ত্রুটি থেকে যেমন ঝুঁকি সৃষ্টি হতে পারে তেমনি সঠিক অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং নিরীক্ষার অভাব থেকে উদ্ভব হতে পারে বড় কোন অনিয়ম। এ ক্ষেত্রে ভাল নিয়ন্ত্রণ ব্যবস্থা পেশাদারিত্ব, দক্ষতা, আইনী বাধ্যবাধকতার প্রতিপালন, সঠিক প্রতিবেদন ব্যবস্থার উন্নয়ন এবং অনিয়ম প্রতিরোধের প্রয়োজনীয় ক্ষেত্র প্রস্তুত করে। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা শুধু নিয়মিত কর্ম সম্পাদনকেই নির্দেশ করে না বরং তা সম্পাদিত কর্মের যৌক্তিকতা ও সঠিকতাকে নিরূপণ করে। এই ধরনের নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা কর্মজীবনে দায়বদ্ধতা ও স্বচ্ছতার এক অনুকূল পরিবেশ তৈরি করে।

আধুনিক ব্যাংক ব্যবস্থাপনা এবং তদারকী মূলতঃ নিবদ্ধ থাকে বিভিন্ন বিষয়ের ঝুঁকি ও এর নিয়ন্ত্রণের উপর। প্রিমিয়ার ব্যাংক সম্ভাব্য সব ধরনের ঝুঁকি নিয়ন্ত্রণের জন্য সমন্বিত ব্যবস্থা গ্রহণ করেছে। সম্প্রসারিত ঋণের বিপরীতে আগামী চ্যালেঞ্জগুলোকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঋণ ঝুঁকির প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তত্ত্বাবধানের জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট নিয়মিতভাবে বিভিন্ন শাখা নিরীক্ষা ও পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিল করে। তাছাড়া ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট, ত্রৈমাসিক অপারেশনাল বিবরণী, জাল জালিয়াতি রোধে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের নিজস্ব যাচাই, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট প্রভৃতিকে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঝুঁকি মোকাবেলায় সুনিপুণভাবে প্রস্তুত করা হয়। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ম্যানুয়াল প্রস্তুত করা হয়েছে, যা বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং -০৩/২০১৬ তারিখ: ০৮.০৩.২০১৬ এবং ০৬/২০১৬ তারিখ: ০৪.০৯.২০১৬ এর নির্দেশনা অনুসারে প্রস্তুতকৃত।

প্রিমিয়ার ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ ব্যাংক ব্যবস্থাপনার এক অবিচ্ছেদ্য অংশ যা স্বাধীনভাবে কাজ করে এবং এটি নিরাপদ ও সঠিক কার্যক্রমের ভিত্তিস্বরূপ। এই বিভাগের কর্মবিন্যাসকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যায়ঃ

১. কর্মভিত্তিক উদ্দেশ্য : কর্মদক্ষতা ত্বরান্বিতকরণ এবং কর্মসম্প্রসারিতার সক্রিয়করণ।
২. তথ্যভিত্তিক উদ্দেশ্য : আর্থিক ও ব্যবস্থাপনা তথ্যাবলীর নির্ভরযোগ্যতা ও যুগোপযোগিতা নিশ্চিতকরণ।
৩. প্রতিপালন উদ্দেশ্য : নিয়ন্ত্রণমূলক ও প্রায়োগিক আইনী কাঠামোর আনুগত্য প্রতিপালন।

আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগকে একজন উচ্চ পর্যায়ের এক্সিকিউটিভ এর নেতৃত্বে অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে তৈরি করা হয়েছে। বিভাগীয় হেড এর প্রধান কর্মকাণ্ডের মধ্যে পড়ে ব্যাংকের নিরীক্ষা, পরিদর্শন ও মনিটরিং এবং পরিপালন কার্যাবলীর সঠিক মূল্যায়ন এবং ঝুঁকি বিশ্লেষণ। এই বিভাগটি তিনটি সুনির্দিষ্ট ইউনিটে বিভক্ত করা হয়েছে - (১) নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট (আইটি অডিট ইউনিটসহ), (২) পরিপালন ইউনিট এবং (৩) মনিটরিং ইউনিট।



পরিপালন ইউনিট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিয়ন্ত্রণমূলক বাধ্যবাধকতা নিশ্চিত করে। এই ইউনিটটি প্রধান নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং যে কোন বিধিসম্মত পরিবর্তন অন্যান্য বিভাগকে অবহিত করে। মনিটরিং ইউনিট ব্যাংক শাখায় যাবতীয় কার্যক্রমকে অবলোকন করে। কার্যক্রমের যে কোন বিচ্যুতি ধরা পড়লে তা তাৎক্ষণিকভাবে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের প্রধানের কাছে উপস্থাপন করে। নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট সাধারণত নিয়মিত ও বিশেষ নিরীক্ষা কর্ম সম্পাদন করে। নিরীক্ষা ও পরিদর্শন ইউনিটের নিরীক্ষাকৃত বিভিন্ন কার্যক্রম যথানিয়ত অডিট কমিটিতে পর্যালোচনা করা হয়ে থাকে এবং পর্যালোচনা করত: বিভিন্ন নির্দেশনা প্রদানের পরিপ্রেক্ষিতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট ব্যাংকের বিভিন্ন অপারেশনাল রিস্ক এর মোকাবেলায় নিয়মিতভাবে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় ব্যাংকের নীতি, ম্যানুয়াল ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি না - তা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে থাকে। তাছাড়া ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন সিদ্ধান্তের বাস্তবায়নের অবস্থা ও নিরীক্ষা করে থাকে। ২০১৮ সালে নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট ব্যাংকের বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে সর্বমোট ১১১ বার বিশদ, ৭৬ বার বিশেষ (বিষয়ভিত্তিক) এবং ৩১ বার আকস্মিক ও ত্রৈমাসিক নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে ও বিভিন্ন অনিয়ম দূরীকরণের সুপারিশসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের আইসিটি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয় কি-না তাও ব্যাংকের আইটি অডিট ইউনিট বিভিন্ন শাখা ও প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগসমূহে ১০৩ বার নিরীক্ষা ও পরিদর্শন সম্পন্ন করেছে।

এছাড়াও, ২০১৮ সালে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত মোট ১০৫টি বিভিন্ন পরিদর্শন প্রতিবেদন ও ফলো-আপ চিঠি প্রিমিয়ার ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগের হস্তগত হয় এবং সেগুলোর যথাযথ পরিপালন ও জবাব নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়।

ঝুঁকি ব্যবস্থাপনা

ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় ব্যাংক নানাবিধ ঝুঁকির সম্মুখীন হয় যার মধ্যে (১) ঋণ ঝুঁকি, (২) তারল্য ঝুঁকি, (৩) বাজার ঝুঁকি, (৪) পরিচালন ঝুঁকি, (৫) মানি লন্ডারিং ও সন্ত্রাস অর্থায়ণ ঝুঁকি ও (৬) তথ্য প্রযুক্তি ও যোগাযোগ ঝুঁকি বিশেষভাবে উল্লেখযোগ্য। এই সমস্ত ঝুঁকি চিহ্নিতকরণ ও তা নিরসন এর উপর ব্যাংকের ব্যবসায়িক সাফল্য নির্ভরশীল। ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা এই সমস্ত ঝুঁকি চিহ্নিতকরণ ও পরিমাপের মাধ্যমে ব্যাংক ব্যবস্থাপনাকে যথাসময়ে যথাযথ নীতি প্রণয়ন ও কার্যক্রম গ্রহণে সহায়তা করে ব্যাংকের সার্বিক লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

প্রিমিয়ার ব্যাংকে ঝুঁকি ব্যবস্থাপনা সর্বদাই প্ররোচক এবং স্বপ্রনোদিত কর্মকাণ্ড হিসেবে বিবেচিত হয়েছে যার মূল উদ্দেশ্য হচ্ছে রিস্ক এবং রিটার্নের মধ্যে একটি সুসম্পর্ক তৈরী করা। আর এই উদ্দেশ্য সফল করতেই প্রিমিয়ার ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ নিরলস প্রচেষ্টা করে চলেছে। দীর্ঘ ব্যাংকিং কার্যক্রম পরিচালনার

অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রিমিয়ার ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনাকে ঢেলে সাজিয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনাকে নিয়ন্ত্রণমূলক বিধিবিধানের চেয়ে কর্পোরেট সংস্কৃতি হিসেবে বেশি মূল্যায়ন করা হয়। ঝুঁকি ব্যবস্থাপনা একটি প্রতিষ্ঠানের সকল অংশে আদর্শ ও উন্নত অনুশীলন ব্যবস্থা বিস্তৃত করে। এ ক্ষেত্রে ব্যাংক শেয়ারহোল্ডারদের যথাযথ মূল্য এবং কর্পোরেট কৌশলের উন্নয়নকে ধারণ করতে একটি সঙ্গতিপূর্ণ ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো তৈরি করেছে।

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ধারা ১৫ (খ) অনুযায়ী, ব্যাংকের ৫ (পাঁচ) জন পরিচালনা পর্ষদের সদস্যদের সম্মুখে একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। কমিটি সম্ভাব্য ও উঠতি ঝুঁকি কমানো এবং পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত নীতি ও কৌশল বাস্তবায়নে কার্যকর ভূমিকা পালন করে।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী একটি পৃথক ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ তৈরি করা হয়েছে। এই বিভাগ অন্য ব্যবসায় সংশ্লিষ্ট বিভাগগুলো থেকে সম্পূর্ণ পৃথক থেকে ঝুঁকি বিশ্লেষণের কাজ করে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সাহায্য করে। ব্যবসায় ইউনিট এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মধ্যে আলোচনার মাধ্যমে ঝুঁকি এবং মুনাফার প্রয়োজনীয় ভারসাম্য বজায় রাখার বিষয়টিকে ব্যাংক সবসময় প্রাধান্য দিয়ে এসেছে।

ঋণ ঝুঁকি

সম্প্রসারিত ঋণের বিপরীতে আগামী চ্যালেঞ্জগুলিকে বিবেচনা করে প্রিমিয়ার ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালার সঙ্গে সঙ্গতি রেখে ঋণ ঝুঁকির প্রয়োজনীয় বিধিবিধান ও নির্দেশনাবলী প্রস্তুত করেছে। বিদ্যমান ও সম্ভাব্য গ্রাহকদের সঠিক মূল্যায়নের জন্য ক্রেডিট রিস্ক গ্রেডিং গাইডলাইনস্ প্রণয়ন করা হয়েছে। দেশে ও বাইরে ঝুঁকির পরিবর্তিত প্রেক্ষাপটে মানব সম্পদের যথাযথ উন্নতিসাধন নতুন আলোকে বিবেচিত হচ্ছে। অদৃষ্ট এবং সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় এটিকে উৎকৃষ্ট ঢাল বলা যেতে পারে। আমাদের ঝুঁকি ব্যবস্থাপনার কৌশল হিসেবে আমরা ঋণ বিপণন, ঋণ অনুমোদন ও ঋণ প্রশাসন কার্যক্রমকে সম্পূর্ণ পৃথক ও স্বতন্ত্র রেখেছি।

ঋণ বিপণন বিভাগ প্রথমতঃ ঋণ প্রস্তাব আহরণপূর্বক প্রাথমিকভাবে যাচাই বাছাই করে ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করে। পরবর্তীতে ঋণ ব্যবস্থাপনা বিভাগ ঋণ প্রস্তাব সমূহ পূর্বাপর পরীক্ষা নিরীক্ষা করে গ্রাহকের ঋণ যোগ্যতা ও ঋণ পরিশোধের সক্ষমতা সম্পর্কে সন্তুষ্ট হলে এবং ঋণ প্রদান সংক্রান্ত বিদ্যমান বিধি বিধান পরিপালন সাপেক্ষে ঋণ অনুমোদন করে থাকে অথবা ক্ষেত্রবিশেষে অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করে।

ঋণ প্রশাসন বিভাগ অনুমোদিত ঋণগুলোর ক্ষেত্রে প্রয়োজনীয় দলিল সম্পাদনার কার্যক্রম সম্পন্নকরা সহ বিভিন্ন শর্ত ও নির্দেশনা পরিপালন তদারকী করে। উপরন্তু, এই বিভাগ প্রদত্ত ঋণ হিসাব সমূহের লেনদেন অবস্থা ও ধারা নিয়মিত পর্যবেক্ষণ করে এবং ঋণ হিসাবের লেনদেন পরিস্থিতি অসন্তোষজনক প্রতীয়মান হলে সংশ্লিষ্ট শাখা সমূহকে পূর্ব সতর্ক সংকেত প্রদান করে। বাংলাদেশ ব্যাংক নির্দেশিত মানদণ্ডে ঋণ হিসাব সমূহের গুলনগত মান নিরূপণ করতঃ বিরূপমানে চিহ্নিত ঋণ সমূহের বিপরীতে প্রয়োজনীয় সংস্থান সংরক্ষণ করা হয়।

অনিয়মিত হিসাব সমূহকে সঠিকভাবে তদারকীর জন্য প্রিমিয়ার ব্যাংকে রয়েছে একটি পৃথক ঋণ আদায় বিভাগ। এই বিভাগ বিরূপ মানে শ্রেণীকৃত ঋণ সমূহ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে তা আদায় ও নিয়মিত করণে যথাযথ কার্যব্যবস্থা গ্রহণ করে থাকে। শ্রেণীকৃত ঋণ হিসাব পরিস্থিতি এবং এতদবিষয়ে গৃহীত ব্যবস্থা ও কার্যক্রম ব্যাংকের পক্ষদ্বারা নিয়মিতভাবে পর্যবেক্ষণ করে এবং ব্যাংক ব্যবস্থাপনাকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে। শ্রেণীকৃত ঋণ আদায়ের ব্যাপারে ব্যাংক সদা তৎপর। শ্রেণীকৃত হিসাব সমূহকে নিয়মিতকরণে ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নীতিমালা পুরোপুরি অনুসরণ করে এ ব্যাপারে আইনী প্রক্রিয়া কিংবা গ্রাহকের সঙ্গে ফলপ্রসূ আপসের ভিত্তিতে অনাদায়ী ঋণ নিষ্পত্তি করা হয়। আমাদের নিবিড় ঋণ মনিটরিং ব্যবস্থা এবং নিরবচ্ছিন্ন ঋঁকি ব্যবস্থাপনা ব্যাংক সম্পদের উৎকর্ষ সাধনে বলিষ্ঠ ভূমিকা রেখেছে।

আইনী ঋঁকি

ব্যাংকের নিজস্ব আইনজ্ঞ ঋণের বিপরীতে গৃহীত জামানতের ঋঁকির বিশ্লেষণের পাশাপাশি মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে আরোপিত শর্তগুলো প্রয়োগের ঋঁকি যথাযথভাবে বিশ্লেষণ করে পরামর্শ প্রদান ও প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণ করে।

তারল্য ঋঁকি

তারল্য ঋঁকি বলতে এমন এক পরিস্থিতিকে বুঝায় যখন ব্যাংক অগ্রহণযোগ্য ব্যয় বা ক্ষতি নির্বাহ্য ব্যতীত প্রদেয় দায় পরিশোধ বা সম্পদ বৃদ্ধির জন্য প্রয়োজনীয় তহবিলের চাহিদা পূরণে অক্ষমতা হেতু সম্ভাব্য ক্ষতির সম্মুখীন হয়। এ প্রেক্ষিতে সর্বদাই প্রয়োজনীয় তহবিল সঠিক সময়ে যোগান দেয়ার ব্যাপারে ব্যাংক সম্পূর্ণ সজাগ ও সক্রিয়। এ লক্ষ্যে প্রিমিয়ার ব্যাংকে বিভিন্ন প্রাতিষ্ঠানিক, রিটেইল এবং কর্পোরেট আমানতের সমন্বয়ে একটি বৈচিত্রময় ও স্থায়ী তহবিল গঠন করা সহ পর্যাপ্ত তরল সম্পদ সংরক্ষণ করেছে। ব্যাংকের কর্মকাণ্ড পরিচালনায় প্রয়োজনীয় তহবিল যোগান নিশ্চিত করা সহ সার্বিক তারল্য ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে আমাদের ট্রেজারি ডিভিশন। উপরন্তু, ব্যাংকের সম্পদ ও দায় ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত কমিটি “এলকো” নিয়মিত বৈঠক করে ব্যাংকের তারল্য পরিস্থিতি পর্যালোচনা করে এবং পরিস্থিতি অনুযায়ী তরল সম্পদের সরবরাহ নিশ্চিত করতে কৌশল নির্ধারণ সহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকে। বিধিবদ্ধ আবশ্যিকতা, চলতি তারল্য স্থিতি, প্রত্যাশিত সম্পদ প্রকৃতি, বর্তমান ও ভবিষ্যৎ উপার্জন ক্ষমতা এবং পরিকল্পিত মূলধন কাঠামোর উপর ভিত্তি করে ব্যাংকের তারল্য ব্যবস্থাপনা আবর্তিত। সর্বদা পর্যাপ্ত তারল্য সংরক্ষণ নিশ্চিত করণের লক্ষ্যে ব্যাংক নিয়মিত GAP Analysis, Liquidity Profile Analysis, Liquidity Coverage Ratio, Net Stable Funding Ratio, Stress Testing এর মত আধুনিক কলা-কৌশল অবলম্বন করে থাকে। সম্পদ ও দায়ের সময় ভিত্তিক মেয়াদ পরিপক্বতার উপর সার্বক্ষণিক নজর রাখা হয় যাতে করে এ ক্ষেত্রে ব্যবধান নূনতম পর্যায়ে থাকে। তাছাড়া, যে কোন জরুরী ও অপ্রত্যাশীত তারল্য সংকট মোকাবেলার লক্ষ্যে ব্যাংকে একটি Contingency Plan রয়েছে। অ্যাসেট লায়ালিটি কমিটি কর্তৃক তারল্য ব্যবস্থাপনা সঠিকভাবে সম্পাদন করা হয় (ক) ক্রমবর্ধিষ্ণু ক্যাশ ফ্লো মিসম্যাচের একটি সহনীয় সীমা নির্ধারণ করে (খ) ঋণ-আমানতের অনুপাত নির্দিষ্ট করে (গ) দুর্বল প্রাতিষ্ঠানিক আমানতের নির্ভরতা ভারসাম্য করে।

সুদের/লাভের হার ঋঁকি

ব্যাংকের অন-ব্যালান্সশিট এবং অফ-ব্যালান্সশিট বিষয়গুলোর পুনঃবিন্যাস ও সমন্বয় করার সাথে সাথে দায় ও সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা প্রক্রিয়ার মাধ্যমে সুদের/লাভের হার ঋঁকি মোকাবেলা করা হয়। তাছাড়া অ্যাসেট লায়ালিটি কমিটি নিয়মিত ব্যাংকের আয়ের উপর পরিবর্তীত সুদ/লাভের হারের প্রভাব পর্যালোচনা করে এবং যৌক্তিক আয় নিশ্চিত করে।

বাজার ঋঁকি

গুণগত মান ও সন্তোষজনক রেটিং এই দুইটি বিষয়ের উপর নির্ভর করেই ব্যাংক বিনিয়োগযোগ্য সম্পদ নির্বাচন করে থাকে। বর্তমান বাজারমূল্য, সম্পদমূল্য, আয় প্রভৃতি মৌলিক বিষয়গুলো বিবেচনায় এনে ব্যাংক মার্কেট ঋঁকি নিয়ন্ত্রণ করে।

পরিচালন ঋঁকি

এটি মূলত অপারেশনাল রিস্ক হিসেবে সমধিক পরিচিত। এই ধরনের ঋঁকি প্রভারণা, জালিয়াতি, অনধিকার চর্চা, ত্রুটি-বিচ্ছ্যতি, সিস্টেম ফেইলার এবং নানা রকম বাহ্যিক ঘটনার সাথে সম্পর্কযুক্ত। প্রিমিয়ার ব্যাংক এই ঋঁকিগুলো মোকাবেলা করে বিভিন্ন লিখিত প্রণালী, নিয়মিত প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে। ব্যাংকের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন বিভাগ অপারেশনাল ঋঁকি যাচাই এবং তা নিয়ন্ত্রণ করে থাকে। ডিপার্টমেন্টাল কন্ট্রোল ফাংশন চেকলিস্ট (DCFCL), ত্রৈমাসিক কার্য বিবরণী, লোন ডকুমেন্টেশন চেকলিস্ট, প্রভৃতিতে ব্যাংকের সম্ভাব্য সকল কার্যক্রম উদ্ভূত ঋঁকি মোকাবেলায় সুনিপুণভাবে প্রস্তুত করা হয়। ব্যাংকের কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে পরিচালনার লক্ষ্যে আমরা একটি বিকল্প তথ্য কেন্দ্র স্থাপন করেছি যা জরুরী মুহূর্তে বিকল্প হিসেবে পূর্ণ সমর্থন দিতে সক্ষম।

বৈদেশিক মুদ্রা ঋঁকি

ট্রেজারীর মূখ্য ব্যাংকিং কার্যক্রমের একটি প্রধান দায়িত্ব হল বৈদেশিক মুদ্রা ঋঁকি নিয়ন্ত্রণ করা। ব্যাংকের বৈদেশিক মুদ্রা ঋঁকি মূলতঃ বাজারে বৈদেশিক মুদ্রার দর উঠানামার কারণে উদ্ভূত সম্ভাব্য ক্ষতি। এ প্রেক্ষিতে আমাদের ট্রেজারি বিভাগ বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনকে গভীরভাবে বিশ্লেষণ করে থাকে। ট্রেজারি কর্মকর্তাগণ স্বাধীনভাবে নির্দিষ্ট সীমারেখার মধ্যে বৈদেশিক মুদ্রার লেনদেন পরিচালনা করে। প্রত্যেক মাসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত মার্ক-টু-মার্কেট রেট অনুসারে সকল বৈদেশিক মুদ্রা লেনদেন পুনর্মূল্যায়ন বা সমন্বয় করা হয়। ব্যাংক কঠোরভাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত বৈদেশিক মুদ্রার ধারণ সীমা মেনে চলে। নির্দিষ্ট সময়ের ব্যবধানে ট্রেজারী ম্যানুয়াল নীরিক্ষণ ও হালনাগাদ করা হয়। মাসিক ভিত্তিতে সকল নষ্ট হিসাব সমন্বয় করা হয় এবং ৩০ দিনের বেশি অসমন্বিত স্থিতি দ্রুত নিষ্পত্তির জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হয়। বহিঃনিরীক্ষক দ্বারা আমাদের নষ্ট হিসাব সমূহ যাচাই করা হয় এবং বাংলাদেশ ব্যাংকে এ ব্যাপারে রিপোর্ট করা হয়।

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন

মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিভিশন মানিলভারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধে পরিপালনীয় বিষয়সমূহের সম্পাদন কার্য পরিচালনা করে। ব্যাংকের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন

প্রতিরোধ ডিভিশন, কেন্দ্রীয় পরিপালন কমিটি, পরিচালনা পর্ষদ, সর্বোচ্চ নির্বাহী এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ মানিলন্ডারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধে সচেতন এবং অঙ্গিকারবদ্ধ। মানিলন্ডারিং প্রতিরোধকে প্রিমিয়ার ব্যাংক আইনি বাধ্যবাধকতার পাশাপাশি মূল ব্যবসায়িক মূল্যবোধ হিসাবে বিবেচনা করে। প্রতিবছর ব্যবস্থাপনার উচ্চমহল থেকে বিভিন্ন মেমো, সার্কুলার এবং বার্তার মাধ্যমে ব্যাংকের সর্বস্তরে মানিলন্ডারিং এর গুরুত্বকে প্রচার করা হয়। প্রিমিয়ার ব্যাংক বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে এবং বাংলাদেশ ব্যাংকের সহায়তায় মানিলন্ডারিং ও সন্ত্রাসীকার্যে অর্থায়ন প্রতিরোধে সর্বদা দৃঢ় ও সচেতন থাকে।

এছাড়াও মানিলন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে জোরদার করতে ব্যাংক ইতিমধ্যে নিম্নোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করেছেঃ

১. প্রয়োজন সাপেক্ষে সময়ে সময়ে ব্যাংকের পলিসি পর্যালোচনা করা।
২. নিয়মিত প্রশিক্ষণ ও ওয়ার্কশপের আয়োজন করা।
৩. লেনদেনগুলোকে সর্বদা পর্যবেক্ষণ করা।
৪. নিয়মিত মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ে সভা আয়োজন করা।
৫. প্রতিটি ব্যাংকের KYC (Know Your Customer) নিয়মিত পর্যবেক্ষণ করা।
৬. বিভিন্ন শাখা থেকে সঙ্কেহজনক লেনদেনের রিপোর্টগুলো সতর্কতার সাথে যাচাই করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।
৭. সেক্ষ এ্যাসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পাদ করা। স্থানীয় Sanction List সহ OFAC ও জাতিসংঘের
৮. নিরাপত্তা পরিষদের রেজুলেশনসমূহের বাস্তবায়ন।
৯. শাখাসমূহ পরিদর্শন করা ইত্যাদি।

মানব সম্পদ ব্যবস্থাপনা

জনশক্তির অসাধারণ কর্মদক্ষতা একটি প্রতিষ্ঠানের জন্য সাফল্য বয়ে আনতে সহায়তা করে। প্রিমিয়ার ব্যাংক সর্বদা তাদের কর্মীদের মঙ্গলে এবং কল্যাণে অত্যন্ত যত্নশীল এবং প্রতিনিয়ত তাদের দক্ষতার উন্নয়নে কাজ করে যাচ্ছে।

চার মূলমন্ত্র তথা ব্যাংককে OWN করা; সেবাই প্রথম; নিত্য-নতুন কর্ম উদ্ভাবন এবং উচ্চাশা - এগুলো বিবেচনায় নিয়ে ২০১৮ সালেও প্রিমিয়ার ব্যাংক তার মানবসম্পদকে শক্তিশালী করার প্রয়াস অব্যাহত রেখেছে। আমাদের সমন্বিত স্লোগান হচ্ছে “সম্মিলিত মূল্যবোধের মাধ্যমে আমরা নিজেদেরকে আরো সমৃদ্ধ করে তুলবো”। উত্তম গ্রাহক সেবা টেকসই ব্যবসায়িক প্রবৃদ্ধির পূর্ব শর্ত যেখানে মানব সম্পদ মূল ভূমিকা পালন করে। যেহেতু মানব সম্পদ একটি প্রতিষ্ঠানের ক্রম অগ্রগতিতে মুখ্য ভূমিকা পালন করে, সেহেতু মেধাবী কর্মী নিয়োগ, কর্মী ধরে রাখা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পেশাদার কর্মী বাহিনী গড়ে তোলাই আমাদের লক্ষ্য। আমাদের উদ্দেশ্য মানবসম্পদকে মানব মূলধন-এ রূপান্তরিত করা।

কর্মীদের মধ্যে ব্যাংককে OWN করার মানসিকতা তৈরী ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি উন্নয়নের লক্ষ্যে আমরা সবসময় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছি যার মধ্যে কর্মীদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা; নেতৃত্ব উন্নয়নমূলক নানারকম কর্মসূচী গ্রহণ; পারস্পরিক সম্পর্ক উন্নয়ন; কর্মদক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ডেস্কে কাজের সুযোগ সৃষ্টি;

অভ্যন্তরীণ কর্মবন্টন; কর্মকর্তা-কর্মচারীদের কর্মক্ষমতা সঠিকভাবে মূল্যায়ন এবং কর্মীদের কেপিআই ভিত্তিক পুরস্কৃত করার ব্যবস্থা অন্যতম।

প্রিমিয়ার ব্যাংক সকল ক্ষেত্রে নারী ও পুরুষ কর্মীদের সমান সুযোগ নিশ্চিত করে থাকে। বেতন-ভাতা, প্রশিক্ষণ, পুরস্কার, চাকুরীর সুযোগ, পেশাগত উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে অত্র ব্যাংকে নারী ও পুরুষ সমান সুযোগ ভোগ করেন।

ধর্ম, বর্ণ, গোত্র, নির্বিশেষে সকল কর্মীর জন্য বৈষম্যহীন, মনোরম এবং নির্বিঘ্ন কর্ম পরিবেশ তৈরীতে ব্যাংক প্রতিশ্রুতিবদ্ধ। ব্যাংকের সকল কর্মী তাদের মেধার সর্বোত্তম প্রদর্শন ও বিকাশের সুযোগ পেয়ে থাকে এবং আমরা দলগতভাবে কর্মে বিশ্বাসী।

ব্যাংকের সামগ্রিক মানব সম্পদ ব্যবস্থাপনা কর্মকান্ড স্বয়ংক্রিয় পদ্ধতিতে পরিচালিত হচ্ছে, যেমন-কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা কেন্দ্রীয়ভাবে প্রদান, ছুটি ব্যবস্থাপনা, কর্মকর্তা-কর্মচারীদের দৈনিক অফিসে উপস্থিতি ও প্রস্থানের রেকর্ড, কর্মীদের কে.পি.আই ব্যবস্থাপনা, ই-লার্নিং পদ্ধতির প্রচলন ইত্যাদি। আমাদের ভবিষ্যত কর্মপন্থার মধ্যে রয়েছে সকল কর্মীর ব্যক্তিগত ফাইল ই-ডক-এ রূপান্তর করা এবং কর্মীদের বাৎসরিক কর্মদক্ষতা মূল্যায়ন স্বয়ংক্রিয় পদ্ধতির মাধ্যমে সম্পাদন করা।

আমাদের লক্ষ্য হচ্ছে, প্রিমিয়ার ব্যাংককে বাংলাদেশের সেরা ব্যাংকে পরিণত করা এবং সেই লক্ষ্যে আমরা কর্মীর নেতৃত্বের বিকাশ এবং বিভিন্ন পদে যোগ্য উত্তরসূরী তৈরীতে পদক্ষেপ গ্রহণ করেছি। ব্যাংকটি ইতোমধ্যে আর্থিক সেক্টরে “এমপ্রোয়ার অফ চয়েজ” হিসেবে পরিচিতি লাভ করেছে। আমরা আমাদের পরিচয় বজায় রাখতে চাই “আমরা প্রিমিয়ার” এবং সমৃদ্ধির পথে একসাথে এগিয়ে যাবো।

লার্নিং এন্ড ট্যালেন্ট ডেভেলপমেন্ট সেন্টার (এলটিডিসি)

লার্নিং এন্ড ট্যালেন্ট ডেভেলপমেন্ট সেন্টার (এলটিডিসি) ২০১৮ সালে ১৩১টি প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করেছে। ২০১৮ সালে এলটিডিসি বিভিন্ন কাজ-ভিত্তিক এবং বিষয়বস্তু ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করেছিল যেখানে অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় ধারণা এবং দক্ষতা শিখানো হয়েছে, যা তারা প্রতিদিনের কাজে প্রয়োগ করতে পারে। একটি সফল প্রশিক্ষণ কর্মসূচী সম্পন্ন করার পরে, অংশগ্রহণকারীরা তাদের কাজে আরো কার্যকর ভূমিকা পালন করে, যা আমাদের ব্যাংকের ব্র্যান্ড-প্রতিশ্রুতি সমর্থন করে। এলটিডিসিতে হ্যান্ডস-অন কার্যক্রমগুলোতে জোর দেওয়া হয়, যা অংশগ্রহণকারীদেরকে আরও বেশি ইন্টারেক্টিভ হতে হয়। পৃথক এবং সহযোগী উভয়ই প্রশিক্ষণ ব্যবস্থাই আমাদের প্রশিক্ষণ পদ্ধতিতে অন্তর্ভুক্ত করা আছে।

২০১৮ সালে, এলটিডিসি নতুন নিয়োগপ্রাপ্ত ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসার এবং ট্রেইনি জুনিয়র অফিসার (জেনারেল) এর জন্য ০৪(চার) টি ফাউন্ডেশন প্রশিক্ষণ কোর্স আয়োজন করেছিল। নতুন নিয়োগপ্রাপ্ত ট্রেইনি জুনিয়র অফিসার (জেনারেল) এবং ট্রেইনি জুনিয়র অফিসার (ক্যাশ) দের ওরিয়েন্টেশন কর্মসূচির ব্যবস্থা করা হয়েছে। সিনিয়র ম্যানেজমেন্ট এর জন্য মানিলন্ডারিং ও ব্যাপক

ধ্বংসাত্মক কার্যক্রম প্রতিরোধ বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক প্রোগ্রাম এবং ব্রাঞ্চ ম্যানেজার ও বিভাগীয় প্রধানদের জন্য লিডারশিপ এজেন্সেস প্রোগ্রামের ব্যবস্থা করা হয়েছিল।

সবুজ ব্যাংকিং এবং টেকসই উন্নয়ন

সবুজ ব্যাংকিং বলতে পরিবেশের জন্য ক্ষতিকর নয় বরং পরিবেশ সংরক্ষণে ভূমিকা রাখে এমন আর্থিক এবং ব্যবসায়িক নীতিসমূহকে বোঝানো হয়। দায়িত্বপূর্ণ ভাবে সম্পদের যথাযথ ব্যবহার করে অপচয় এড়িয়ে চলাও সবুজ ব্যাংকিং এর অন্তর্ভুক্ত। প্রতিষ্ঠালগ্ন থেকে প্রিমিয়ার ব্যাংক ব্যয় কমিয়ে এবং অপচয় হ্রাসের মাধ্যমে সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে পরিবেশ রক্ষায় সচেতনতার সাথে দায়িত্ব পালন করে আসছে। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী সবুজ ব্যাংকিংকে আরো বেশি গুরুত্ব দিতে একটি আলাদা টেকসই উন্নয়ন সেল গঠন করা হয়েছে। এছাড়া পরিবেশবান্ধব শিল্পে অধিকতর বিনিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে।

কোম্পানী সুশাসন

প্রিমিয়ার ব্যাংক সূচনা থেকেই ব্যবসায়িক কর্মকাণ্ডের সকল স্তরে নিরবচ্ছিন্নভাবে সুশাসনের অনুশীলন নিশ্চিত করেছে। ব্যাংকের গতিশীল পরিচালনা পর্ষদ (Board of Directors) ব্যবসার লক্ষ্যমাত্রা নির্ধারণ, নীতি প্রণয়ন, কৌশলগত পরিকল্পনা গ্রহণ, সকল ব্যবসায়িক কর্মকাণ্ড পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা কার্যকলাপ প্রভৃতি অত্যন্ত সুচারু ও দক্ষতার সাথে পালন করেছে। প্রধান কার্যালয়স্থিত ম্যানেজমেন্ট কমিটি যে কোন পরিস্থিতিতে নিশ্চিত করে যে ব্যাংকের যাবতীয় কর্মকাণ্ড সর্বোচ্চ নৈতিক আদর্শে অনুপ্রাণিত এবং তা সম্মানিত শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণে সংঘটিত। ব্যাংকের আন্তঃবিভাগীয় সমন্বয় ও কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয় এবং এর কর্মপ্রবাহ ও দায়িত্ব সুনির্দিষ্ট। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও নিরীক্ষা বিভাগ ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা ও তদারকি পরিচালনা করে থাকে এবং সরাসরি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও অডিট কমিটিকে অবহিত করে। বিভিন্ন কমিটি প্রচলিত ব্যাংকিং প্রবিধানের মধ্য থেকে তাঁদের কার্যক্ষমতা প্রয়োগ করে থাকে।

ব্যবস্থাপনা কমিটি

প্রিমিয়ার ব্যাংক দক্ষ ও যোগ্য ব্যবস্থাপনা সদস্যবৃন্দের সমন্বয়ে ঝুঁকি ব্যবস্থাপনা ও নিরবচ্ছিন্ন মনিটরিং ব্যবস্থা নিশ্চিতকল্পে কতিপয় কমিটি গড়ে তুলেছে। উল্লেখযোগ্য কমিটিগুলো হচ্ছে সিনিয়র ম্যানেজমেন্ট টিম, ম্যানেজমেন্ট কমিটি, ফ্রেডিট কমিটি, অ্যাসেস্ট-লায়বিলিটি কমিটি, আইসিটি স্ট্রয়ারিং কমিটি, আইসিটি সিকিউরিটি কমিটি, ইন্সিগ্রিটি কমিটি, ক্রয় কমিটি ইত্যাদি। ব্যবস্থাপনা কার্যক্রমে ব্যবস্থাপনা পরিচালককে সহযোগিতা করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক, এসইডিপি, ইডিপি, এসডিপি, ডিপি, এফডিপি এবং অন্যান্য নির্বাহীবৃন্দ। ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ড পরিচালিত হয় আধুনিক ব্যাংকিং এ পারদর্শী এ সব অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ব্যাংকারদের মাধ্যমে। প্রধান কার্যালয়ের ম্যানেজমেন্ট কমিটি সংশ্লিষ্ট বিষয়গুলোকে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে তা বিবেচনা ও

অনুমোদনের জন্য ইসি/বোর্ড এর কাছে পেশ করে। এর পাশাপাশি প্রিমিয়ার ব্যাংক শাখা পর্যায়ে প্রতিষ্ঠা করেছে “ব্রাঞ্চ ম্যানেজমেন্ট কমিটি”। এর প্রধান লক্ষ্য হচ্ছে ব্যাংকের সকল শাখায় স্বচ্ছন্দ কার্যক্রম বজায় রাখা ও অধিকতর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা। এই পদক্ষেপসমূহ প্রধান কার্যালয় ও শাখাগুলোতে বয়ে এনেছে গতিশীলতা, দায়িত্ব সম্পৃক্ততা এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতির উন্নয়ন।

পরিচালনা পর্ষদ

বর্তমানে প্রিমিয়ার ব্যাংকের পরিচালনা পর্ষদ দুইজন স্বতন্ত্র পরিচালকসহ ১২ (বারো) জন পরিচালক নিয়ে গঠিত। কোম্পানীর বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের ভোটে পরিচালনা পর্ষদের সদস্যরা নির্বাচিত হন। ব্যাংক কোম্পানীর নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, ঝুঁকি ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, অভ্যন্তরীণ নিরীক্ষা ও তা পরিপালন করার অভিপ্রায়ে প্রিমিয়ার ব্যাংকের সুদক্ষ পরিচালনা পর্ষদ কাজ করে যাচ্ছে। ২০১৮ সালে ব্যাংকের পরিচালকমন্ডলী ১৪ টি পর্ষদ সভায় মিলিত হয়ে ব্যাংক পরিচালনার জন্য মূল্যবান পরামর্শ দিয়েছেন।

নির্বাহী কমিটি

পরিচালনা পর্ষদের সভা অনুষ্ঠানের মধ্যবর্তী সময়কালে জরুরী এবং দৈনন্দিন বা রুটিন কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার স্বার্থে পর্ষদের অত্যন্ত দক্ষ ও নিষ্ঠাবান ৭ (সাত) সদস্য সমন্বয়ে নির্বাহী কমিটি গঠিত। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ কিংবা অন্যান্য সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধানে যে সব দায়িত্ব ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সুনির্দিষ্টভাবে পূর্ণাঙ্গ পর্ষদের ওপর ন্যস্ত করা আছে সে সব ক্ষেত্র ব্যতীত পর্ষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য সব ক্ষেত্রে নির্বাহী কমিটি দায়িত্ব পালন ও সিদ্ধান্ত গ্রহণ করে। পরবর্তীতে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত পর্ষদ সভায় অনুসমর্থন করে নেয়া হয়।

অডিট কমিটি

বাংলাদেশ ব্যাংকের বিধিবিধান ও নির্দেশাবলী অনুসারে পরিচালনা পর্ষদের দুইজন স্বতন্ত্র পরিচালকসহ ৪ (চার) সদস্যদের সমন্বয়ে প্রিমিয়ার ব্যাংকের অডিট কমিটি গঠিত। কমিটির সদস্যগণ তিন বৎসরের জন্য নির্বাচিত হয়ে থাকেন। অডিট কমিটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, শেয়ার হোল্ডার, আমানতকারী ও স্টক হোল্ডারদের সাথে একটি স্থায়ী বন্ধন প্রতিষ্ঠার লক্ষ্যে একটি দক্ষ, শক্তিশালী ও নিরাপদ ব্যাংকিং ব্যবস্থার ভিত্তি গড়ে তোলে। অডিট কমিটি পালনীয় কর্তব্যের অংশ হিসেবে ব্যাংকিং কার্যক্রম থেকে উদ্ভূত বিভিন্ন ঝুঁকি নিয়ন্ত্রণ করে, ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রকাশ প্রক্রিয়াকে সহজতর করে, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাকে শক্তিশালী করে এবং একটি সুশৃঙ্খল ব্যাংকিং কার্যক্রম প্রতিষ্ঠার জন্য অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের মাঝে সেতুবন্ধন হিসেবে কাজ করে।

অডিট কমিটির কার্যক্রমের সঠিক দিকনির্দেশনা ও তত্ত্বাবধানের জন্য বোর্ড কর্তৃক একজন চেয়ারম্যান মনোনীত করা হয়। বিভিন্ন নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিরীক্ষা পত্রের খুঁটিনাটি যাচাই করতে অডিট কমিটি নিয়মিতভাবে সভার আয়োজন করে। যে কোন সম্ভাব্য ঝুঁকি থেকে ব্যাংককে নিরাপদ রাখতে অডিট কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে। সেই সাথে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থায় বিভিন্ন স্বার্থগত দ্বন্দ্ব সন্দেহমূলক বা অনুমিত জালিয়াতি, অনিয়ম বা মুখ্য পরিবর্তন,



কোন আইন লঙ্ঘন কিংবা যে কোন বিষয় যা বোর্ডের নিকট প্রকাশযোগ্য ইত্যাদি সম্পর্কিত রিপোর্ট পরিচালনা পর্ষদের কাছে পেশ করে থাকে।

ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (সংশোধিত-২০১৩) এর ধারা ১৫ (খ) অনুযায়ী, পরিচালনা পর্ষদের ৫ (পাঁচ) সদস্যদের সমন্বয়ে প্রিমিয়ার ব্যাংকের ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। কমিটি ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত কৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত ও সম্ভাব্য ঝুঁকি-হ্রাসে কার্যকর ভূমিকা পালন এবং এ সংক্রান্ত পরিচালনা পর্ষদের দায়িত্ব সুচারুরূপে সম্পন্ন করে।

ফ্রেডিট রেটিং প্রতিবেদন

আরগস ফ্রেডিট রেটিং সার্ভিসেস লিমিটেড (এসআরএসএল) ২০১৭ সালের ডিসেম্বর পর্যন্ত আর্থিক অবস্থান এবং অন্যান্য সংশ্লিষ্ট পরিমাণগত এবং গুণগত বিষয়ের ভিত্তিতে প্রিমিয়ার ব্যাংক লিমিটেডকে দীর্ঘ মেয়াদে “এএ+ (ডাবল এ প্লাস)” এবং স্বল্প মেয়াদে “এসটি-১” রেটিং প্রদান করেছে। ২০১৮ সালের ব্যাংকের ফ্রেডিট রেটিং এসআরএসএল কর্তৃক রেটিং প্রক্রিয়া শেষ হবার সাথে সাথেই শেয়ারহোল্ডারদের জানানো হবে।

বহিঃ নিরীক্ষক নিয়োগ

১৪ মে, ২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ব্যাংকের উনিশতম বার্ষিক সাধারণ সভায় (এজিএম) শেয়ারহোল্ডার কর্তৃক মাহফেল হক এন্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট কে ২০১৮ সালের জন্য বহিঃ নিরীক্ষক হিসেবে পুনরায় নিয়োগ দেওয়া হয়েছে। তারা পরবর্তী ১ (এক) বছরের জন্য পুনঃনিয়োগ হইবার যোগ্য।

পরিচালক নির্বাচন

আগামী বিশতম বার্ষিক সাধারণ সভায় ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১, কোম্পানি আইন, ১৯৯৪ এবং ব্যাংকের আর্টিক্যালস্ অব অ্যাসোসিয়েশন অনুযায়ী পরিচালকগণের অবসর/নির্বাচন/পুনঃনির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হবে।

সভা

২০১৮ সালে ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৪ টি সভা অনুষ্ঠিত হয়। কার্যনির্বাহী কমিটির সভা হয় ৩৮ টি আর অডিট কমিটি উক্ত বছরে ৬ টি সভায় মিলিত হন। অন্যদিকে শরীয়াহ সুপারভাইজরী কমিটির ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪ টি করে সভা অনুষ্ঠিত হয়।

লভ্যাংশ

ব্যাংকের পরিচালনা পর্ষদ ২০১৮ ইং অর্থবছরের উপর ১৫.৫০ শতাংশ স্টক লভ্যাংশ সুপারিশ করেছে যা আগামী ১২ মে, ২০১৯ ইং তারিখে অনুষ্ঠিতব্য ব্যাংকের বিশতম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে।

বার্ষিক সাধারণ সভা

ব্যাংকের বিশতম বার্ষিক সাধারণ সভা আগামী ১২ মে, ২০১৯ ইং তারিখে আন্তর্জাতিক কনভেনশন সিটি, বসুন্ধরা (আইসিসিবি), হল-১ (গুলনকশা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ বেলা ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। ৩১ মার্চ, ২০১৯ ব্যাংকের ২১৪ তম পর্ষদ সভায় পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং আর্থিক হিসাবপত্র শেয়ারহোল্ডারদের সমীপে পেশ করার জন্য অনুমোদিত হয়।

ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন

ব্যাংকের পরিচালনা পর্ষদ ব্যাংকের সকল শেয়ারহোল্ডার, শ্রদ্ধেয় গ্রাহক, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে যাঁরা সর্বাঙ্গিক সহযোগিতার মাধ্যমে প্রিমিয়ার ব্যাংককে একটি অন্যতম ব্যাংক হিসেবে গড়ে তুলতে প্রধান ভূমিকা পালন করেছেন। আমরা তেমনি কৃতজ্ঞতা পাশে আবদ্ধ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশন সহ অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা এবং আর্থিক প্রতিষ্ঠানের প্রতি তাঁদের মূল্যবান উপদেশ ও পরামর্শের জন্য। পরিশেষে পরিচালনা পর্ষদ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও প্রশংসা জ্ঞাপন করছে। তাঁদের মেধা, অক্লান্ত পরিশ্রম আর গভীর অনুরক্তি ছাড়া প্রিমিয়ার ব্যাংক আজকের অবস্থানে আসতে পারতো না।

আপনাদের সকলের এই ভালোবাসা, দায়িত্বশীলতা এবং সহযোগিতা ভবিষ্যতে প্রিমিয়ার ব্যাংককে এক নতুন উচ্চতায় পৌঁছে দিবে বলে আমরা আশা করি।

পরিচালনা পর্ষদের পক্ষে

ডাঃ এইচ, বি, এম, ইকবাল
চেয়ারম্যান